# ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা

২.৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর, ঢাকা- ১০০০
www.dol.gov.bd

**নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.০৬.০০১.২১.৬৫

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সভার নোটিশ**

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা।**

শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের(Stakeholders) অংশগ্রহণে সভা (সংযুক্ত-কার্যবিবরনী মোতাবেক) আগামী ০৫/০২/২০২৪খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুরে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুর।

০২। সভায় শ্রম অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের যেকোন ০২টি কার্যালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বেসরকারী শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকপক্ষের ০৪ (চার) জন করে প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০৩। উক্ত সভায় শ্রম অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকবেন শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব রোখসানা চৌধুরী, উপপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

আলোচ্য সূচীঃ
১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কীত আলোচনা।
২। বিবিধ।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৯-০১-২০২৪
মোঃ বেল্লাল হোসেন শেখ
পরিচালক
০২২২৬৬৬৩৫০৭
bellal.sheikh@dol.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিজিএ ভবন, ১ম ১২ তলা, সেগুন বাগিচা, ঢাকা।;
২। পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর (উপরোক্ত নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ);
৩। উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর ;
৪। সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ);
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর এবং
৬। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
শ্রম ও কর্মসংস্থান
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর।
www.iri.portal.gov.bd

স্মারকনং: ৪০.০২.০০০০.২০১.৩১.০৯৯.১৩৮ তারিখ: ০৫/০২/২০২৪খ্রিঃ

বিষয়ঃ **সুশাসন প্রতিষ্ঠায় শ্রম অধিদপ্তরের নৈতিকতা কমিটির নির্ধারিত ০৫/০২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত অংশীজনের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা বারী<br>উপ-পরিচালক |
| সভারস্থান | : | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। |
| সভার তারিখ- | : | ০৫/০২/২০২৪খ্রিঃ |
| সময়- | : | ১১.০০ ঘটিকা |

**উপস্থিতি : পরিশিষ্ট 'ক'**

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসাবে বিভিন্ন প্রতিষ্ঠানের মালিকপক্ষ ও শ্রমিক পক্ষের প্রতিনিধিদের সমন্বয়ে অংশীজনের অংশগ্রহনে সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনসহ অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করাই এসভার মূল উদ্দেশ্য বলে অভিমত ব্যক্ত করেন এবং সভার আলোচনায় অংশগ্রহনের জন্য সকলের প্রতি আহবান জানান।

উক্ত সভায় শ্রম অধিদপ্তরের প্রতিনিধি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব রোকসানা চৌধুরী, উপ-পরিচালক উপস্থিত ছিলেন। তিনি উপস্থিত অংশীজনের সাথে মতবিনিময় করেন। সভায় শ্রম অধিদপ্তরের আওতাধীন শ্রম কল্যান কেন্দ্র,টংগী এর শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সভায় উপস্থিত মালিক ও শ্রমিক প্রতিনিধিগণ এ ধরনের সভা আহ্বান করার জন্য ধন্যবাদ জানিয়ে আলোচনার শুরুতে জনাব নাজমুল হুদা আহমদ, জেনারেল ম্যানেজার মাসকো গ্রুপ লিঃ শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর এর মাধ্যমে শ্রম অধিদপ্তরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে, তাদের প্রতিষ্ঠানসমূহে আই.আর.আই কর্তৃক পরিচালিত শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের কারনে শ্রমিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মধ্যে অত্যন্ত সু-সম্পর্ক বিদ্যমান। তিনি আরও জানান যে, তাদের প্রতিষ্ঠানসমূহে আই আর আই টঙ্গী পরিচালিত শ্রমিক শিক্ষা প্রশিক্ষণের প্রেক্ষিতে নিম্নতম মজুরী ঘোষণার সময়কালে কোন প্রকার অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টি হয়নি। তিনি শ্রমিক ও মালিকের প্রাপ্য অধিকার, দায়িত্ব সম্পর্কে সঠিক দিক নির্দেশনা প্রদানের জন্য প্রতিষ্ঠান পর্যায়ে অধিক সংখ্যক প্রশিক্ষণের আয়োজন করার অনুরোধ জানান।

বাটা সু-কোং বাংলাদেশ লিঃ এর মানব সম্পদ কর্মকর্তা জনাব মোঃ হুমায়ুন কবির সভা আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন প্রতিষ্ঠানের শিল্প সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে আই.আর.আই পরিচালিত শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্স অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শ্রম অসন্তোষ ও অপ্রীতিকর পরিস্থিতি এড়ানোর জন্য এবং বেতন বৈষম্য নিয়ে ভুল বুঝাবুঝি নিরসনের জন্য প্রতিষ্ঠান পর্যায়ে অধিক সংখ্যক প্রশিক্ষণের আয়োজন করার অনুরোধ জানান।

বাটা সু-কোং বাংলাদেশ লিঃ এর শ্রমিক প্রতিনিধি জনাব মোঃ বদুরউদ্দিন স্থায়ী শ্রমিকের সংখ্যা ফ্যাক্টারীতে কম রেখে অস্থায়ী শ্রমিকের সংখ্যা দীর্ঘদিন বেশী রেখে ফ্যাক্টরী পরিচালনা করা সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট সবাইকে সচেতন করার আহবান জানান।

জনাব গাজী মোঃ মনিরুজ্জামান, ম্যানেজার, মাসকো-গ্রুপ লিঃ তার বক্তব্যে দুইদিন ও একদিন ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন যে আইআরআই কর্তৃক তাদের প্রতিষ্ঠানে প্রশিক্ষণ পরিচালনার ফলে সেখানে শিল্প সম্পর্ক সুদৃঢ় হয়েছে।

জনাব মোঃ নুর মোহম্মদ, ম্যানেজার, মাসকো গ্রুপ লিঃ বলেন শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর কর্তৃক প্রশিক্ষনের মাধ্যমে তারা উপকৃত হয়েছেন। এজন্য শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুরকে ধন্যবাদ জানান।

মাসকো গ্রুপ লিঃ এর শ্রমিক প্রতিনিধি জনাব সোনালী আক্তার ও জনাব হেলেনা বেগম বলেন তারা শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর কর্তৃক প্রশিক্ষনের মাধ্যমে কর্মক্ষেত্রের পাশাপাশি পারিবারিক ভাবেও উপকৃত হয়েছেন এবং এই প্রশিক্ষনের মাধ্যমে কতৃপক্ষের সাথে চাকুরী সংক্রান্ত যে কোন বিষয়ে তাদের যোগাযোগ আরো সহজ হয়েছে।

জনাব মোঃ এনায়েত হোসেন, ব্যবস্থাপক বাটা সু-কোং বাংলাদেশ লিঃ বলেন আইআরআই পরিচালিত শিল্প সম্পর্ক কোর্স সপ্তাহিক ছুটির দিনগুলিতে (ইভেনিং এমবিএ এর মত পরিচালনা করা সম্ভব হলে আগ্রহীগনের চাকুরীর পাশাপাশি কোর্স করা সম্ভব হবে। কারণ কোন বেসরকারী প্রতিষ্ঠান কোন কর্মীকে টানা ০৪ সপ্তাহ প্রশিক্ষণে কম আগ্রহী থাকে।

জনাব সালাহউদ্দীন, ব্যবস্থাপক বাটা সু-কোং বাংলাদেশ লিঃ বলেন বাটাসহ অন্যান্য প্রতষ্ঠানে গিয়ে এক অথবা দুই দিনের প্রশিক্ষণ বা এধরনের অংশীজনের সভা করা সম্ভব হলে মালিক শ্রমিক মধ্যকার অস্পষ্টতা দূর হয়ে শিল্প সর্ম্পকে ইতিবাচক প্রভাব রাখবে বলে মত প্রকাশ করেন।

জনাব মোঃ মনিরুজ্জামান, সভাপতি বাটা সু-কোং বাংলাদেশ লিঃ শ্রমিক প্রতিনিধি বলেন আইআরআই ওয়েবসাইটে সম্ভাব্য ট্রেনিং সিডিউল প্রকাশ করা হলে সেবা প্রত্যাশীগণ অধিকতর উপকৃত হবেন বলে মত প্রকাশ করেন।

সভায় সদর দপ্তরের প্রতিনিধি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব রোকসানা চৌধুরী, উপ-পরিচালক তথ্য অধিকার আইন অভিযোগ প্রতিকার ও সিটিজেন চার্টার নিয়ে আলোচনা করেন। সভাপতি ও অন্যান্য কর্মকর্তাগণ আইআরআইসহ শ্রম অধিদপ্তরের প্রশিক্ষণ ও কল্যাণমূলক কাজ সর্ম্পকে উপস্থিত অংশীজনদের অবগত করেন।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:**

১।বিভিন্ন শিল্প সেক্টরে আই আর আই পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে। বিশেষকরে শ্রমঘন এলাকাগুলোতে প্রশিক্ষণ পরিচালনার উপর জোর দেয়া হবে।

২। আই আর আই এর অংশীজনদের সাথে আগামীতেও সভা অনুষ্ঠান অব্যাহত থাকবে।

৩। উপস্থিত মালিক শ্রমিক প্রতিনিধিদের থেকে প্রাপ্ত পরার্মশ ও মতামত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬/০২/২০২৪

**(শামীমা সুলতানা বারী)**
উপ পরিচালক
শিল্প সম্পর্ক শিক্ষায়তন,টংগী,গাজীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর
www.iri.portal.gov.bd

শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির গত ২৫/০৭/২০২৩খ্রিঃ তারিখ অনুষ্ঠিত প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী, গাজীপুর-এ অনুষ্ঠিত অংশীজনের সভায় অংশগ্রহণকারীদের হাজিরাঃ

তারিখঃ ০৫/০২/২০২৪খ্রি.।

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১। | জনাব শামীমা সুলতানা বারী<br>উপ-পরিচালক | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। | 06/02/2020 |
| ০২। | জনাব রোখসানা চৌধুরী<br>উপ-পরিচালক | শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | 05/02/2024 |
| ০৩। | জনাব আফরোজা পারভীন<br>সহকরী পরিচালক | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। | C/L |
| ০৪। | জনাব মোছাঃ রাজিয়া সুলতানা<br>সহকরী পরিচালক | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। | 06/02/28 |
| ০৫। | জনাব মোঃ আবদুল হান্নান<br>গবেষণা কর্মকর্তা | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। | Hannan 5/2/2024 |
| ০৬। | জনাব তানিয়া নাসরিন<br>সহকারী পরিচালক (চ.দা.) | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর। | Tania 05/02/24 |
| ০৭। | জনাব মোঃ দুলাল হুসেন<br>শ্রম কল্যাণ সংগঠক<br>ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | শ্রম কল্যাণ কেন্দ্র, টঙ্গী, গাজীপুর। | 05/02/24 |
| ০৮। | জনাব আবু সাঈদ<br>অফিস সহকারী কাম-কম্পিউটার আপারেটর<br>ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা | শ্রম কল্যাণ কেন্দ্র, টঙ্গী, গাজীপুর। | 05/02/24 |
| ০৯। | জনাব মোঃ মনিরুজ্জামান<br>সাধারণ সম্পাদক | বাটা সু কোম্পানী(বাংলাদেশ) লি:<br>টঙ্গী, গাজীপুর(সিবিএ)। | 5.2.24 |
| ১০। | জনাব মোঃ বদুর উদ্দিন<br>সভাপতি | বাটা সু কোম্পানী(বাংলাদেশ) লি:<br>টঙ্গী, গাজীপুর (সিবিএ)। | 05/02 |
| ১১। | জনাব সালাহউদ্দীন<br>ব্যবস্থাপক (মানব সম্পদ বিভাগ) | বাটা সু কোম্পানী (বাংলাদেশ) লি:<br>টঙ্গী, গাজীপুর। | [illegible] |
| ১২। | জনাব মোঃ হুমায়ুন কবির<br>মানব সম্পদ কর্মকর্তা | বাটা সু কোম্পানী(বাংলাদেশ) লি:<br>টঙ্গী, গাজীপুর। | [illegible] |

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১৩। | জনাব মুহাম্মদ এনায়েত হোসেন<br>ব্যবস্থাপক (প্রডাকশন) | বাটা সু কোম্পানী(বাংলাদেশ) লি:<br>টঙ্গী, গাজীপুর। | 5/2/24 |
| ১৪। | জনাব নাজমুল হুদা আহমদ<br>জি.এম (এইচ. আর.এ.সি) | মাসকো গ্রুপ, সাতাইশ, গাজীপুর। | 5/2/24 |
| ১৫। | জনাব গাজী মোঃ মনিরুজ্জামান<br>ম্যানেজার (এইচ.আর.এ.সি) | মাসকো গ্রুপ, সাতাইশ, গাজীপুর। | |
| ১৬। | জনাব নূর মোহাম্মদ<br>ম্যানেজার (মানব সম্পদ) | মাসকো গ্রুপ, সাতাইশ, গাজীপুর। | |
| ১৭। | জনাব সোনালী<br>সুইং অপারেটর | মাসকো গ্রুপ, সাতাইশ, গাজীপুর। | সোনালী |
| ১৮। | জনাব হেলেনা<br>সুইং অপারেটর | মাসকো গ্রুপ, সাতাইশ, গাজীপুর। | হেলেনা |